




গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা।



[www.dshe.gov.bd](http://www.dshe.gov.bd)

স্মারক নং-৭জি/২৩৭ (ক-৩)/২০১০/ ২৮৬৬/০

তারিখ: ২৫/০৬/২০২২খ্রি.

বিষয়ঃ বগুড়া জেলার আদমদিঘী উপজেলাধীন জালাল উদ্দিন আহমেদ কলেজ-এর শিক্ষক-কর্মচারীদের ০১ মাসের বেতন-ভাতাদির বকেয়া প্রদান।

সূত্রঃ ১. কলেজের স্মারক নং- জা-ক/২০২১-১৬(২); তারিখ: ০৭/০৯/২০২১খ্রি.

২. রিট পিটিশন নং-৭৪৬৪/২০২০

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বগুড়া জেলার আদমদিঘী উপজেলাধীন জালাল উদ্দিন আহমেদ কলেজের শিক্ষক-কর্মচারীদের জুন-২০২০ মাসের বকেয়া বেতন-ভাতাদির জন্য আবেদন করেছেন। উক্ত বিষয়ে সূত্রোক্ত রিট পিটিশনে অত্র অধিদপ্তরের আইন শাখার মতামত:

“উক্ত কলেজের সহকারী অধ্যাপক জনাব মো: নজরুল ইসলাম (ভারপ্রাপ্ত অধ্যক্ষ) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বোর্ড, রাজশাহী ১৪/০৬/২০২০খ্রি. তারিখের পত্রের কার্যক্রমের বিরুদ্ধে রিট পিটিশন নং-৭৪৬৪/২০২০ দায়ের করেন। উক্ত রিট পিটিশনে বিগত ২২/১১/২০২০ খ্রি. তারিখের আদেশে রাজশাহী শিক্ষা বোর্ডের পত্রকে ০৬ মাসের জন্য স্থগিত করা হয়। উপরোক্ত রিট পিটিশনটি নথির তথ্যানুসারে এখনও নিষ্পত্তি হয়নি। এমতাবস্থায়, উপরোক্ত রিট পিটিশনটি নিষ্পত্তি সাপেক্ষে মতামত প্রদান করা হবে।”

এমতাবস্থায়, বগুড়া জেলার আদমদিঘী উপজেলাধীন জালাল উদ্দিন আহমেদ কলেজের শিক্ষক-কর্মচারীদের জুন-২০২০ মাসের বকেয়া বেতন-ভাতাদির বিষয়ে রিট পিটিশনটি নিষ্পত্তি সাপেক্ষে বর্ণিত বিষয়ে পরবর্তী সিদ্ধান্ত গ্রহণ করা হবে মর্মে নির্দেশক্রমে অবহিত করা হলো।

(মোঃ আবদুল কাদের) 23.6.22

সহকারী পরিচালক (কলেজ-৩)

ফোনঃ ৯৫৫৬০৫৭

Email-ncollege@ dshe.gov.bd

অধ্যক্ষ

জালাল উদ্দিন আহমেদ কলেজ

আদমদিঘী, বগুড়া।

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী অঞ্চল, রাজশাহী;
- ২। সভাপতি, জালাল উদ্দিন আহমেদ কলেজ, আদমদিঘী, বগুড়া;
- ৩। জেলা শিক্ষা অফিসার, বগুড়া;
- ৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, আদমদিঘী, বগুড়া;
- ৫। সংরক্ষণ কপি।